# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৮৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. তৃতীয় অনুচ্ছেদ - বিতরের সালাত

## আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّيهِمَا بَعْدَ الْوِتْرِ وَهُوَ جَالس
يقْرَأ فيهمَا (إِذا زلزلت)
و (قل يَا أَيهَا الْكَافِرُونَ)
رَوَاهُ أَحْمد

## বাংলা

১২৮৭-[৩৪] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিতরের পরে দু’ রাক্’আত সালাত (সালাত/নামায/নামাজ) বসে বসে আদায় করতেন। আর এ দু’ রাক্’আতে ’ইযা- যুলযিলাতি’ এবং ’কুল ইয়া- আইয়্যুহাল কা-ফিরূন’ পড়তেন। (আহমাদ)[1]

## ফুটনোট

[1] হাসান : আহমাদ ২২২৪৭, আওসাতুল কাবীর লিত্ব ত্ববারানী ৮০৬৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিতরের পর যে দু’ রাক্‘আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন, তার প্রথম রাক্‘আতে সূরাহ্ আল যিলযাল এবং দ্বিতীয় রাক্‘আতে সূরাহ্ আল কা-ফিরূন পড়তেন। হাদীসটি ইমাম ত্বহাবী ও বায়হাক্বী বর্ণনা করেছেন (৩য় খন্ড, পৃঃ ৩৩)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55847

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন